

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

পুলিশ-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ চৈত্র ১৪২৫/০২ এপ্রিল ২০১৯

নং ৪৪.০০.০০০০.০৯৬.০১.০০২.১৫-১৪৬—ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ খ্রিস্টাব্দের ৫ নং আইন) এর ৪ ধারার উপধারা ১ (এস) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অধিকতর উন্নয়ন, অপরাধ দমন, এজাহার গ্রহণ ও মামলার তদন্ত কার্যে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নোক্ত তফসিলের ৫ম কলামে বর্ণিত রমনা, তেজগাঁও শিল্পাঞ্চল, রামপুরা, গুলশান ও বাড্ডা থানা হইতে কিছু অংশ বিমুক্তকরণপূর্বক ২য় কলামে বর্ণিত মৌজাসমূহ নিয়ে “হাতিরঝিল থানা” স্থাপন করিল :

তফসিল

থানার সীমানা :

উত্তরে: সার্কফোয়ারা ক্রসিং, সোনারগাঁও হোটেল পাছপথ হইয়া টঙ্গী ডাইভারসন রোড সংযোগস্থল হইয়া হাতিরঝিল লিংক রোডের উত্তর পাশ ঘেঁষিয়া ফুটপাতসহ আড়ং হইয়া নিকেতন ব্রীজ হইয়া ডানে মোড় হইয়া পুলিশ প্লাজা কনকর্ডের পশ্চিম ও দক্ষিণ পার্শ্বের ফুটপাত হইয়া গুলশান ব্রীজ হইয়া ডিআইটি রোড পর্যন্ত ।

(১৪৯৬৯)

মূল্য: টাকা ৪.০০

পশ্চিমে: সার্ক ফোয়ারা ক্রসিং হইতে বাংলামোটর ক্রসিং পর্যন্ত রাস্তার মিড আইল্যান্ড দিয়া রাস্তার পূর্ব দিকের অংশ।

দক্ষিণে: বাংলামোটর ক্রসিং হইতে ইস্কাটন রোড হইয়া মগবাজার ক্রসিং হইয়া ওয়্যারলেস ক্রসিং হইয়া বামে মোড় হইয়া ওয়্যারলেস রেলক্রসিং হইয়া মালিবাগ রেল গেইট পর্যন্ত রাস্তার মাঝ দিয়া উত্তর দিকের অংশ।

পূর্বে: মালিবাগ রেল গেইট হইতে রামপুরা ডিআইটি রোড হইয়া রামপুরা ব্রীজ হইয়া বাড্ডা হাতিরঝিল লিংক রোড ক্রসিং পর্যন্ত রাস্তার মাঝ দিয়া পশ্চিম অংশ।

দৃষ্টব্য: বর্ণিত রাস্তা সীমান্ত এবং এ রাস্তার মধ্য দিয়া টানা রেখা সীমান্ত রেখা হিসাবে বিবেচিত হইবে।

ক্রমিক নং	মৌজার নাম	জেএল নম্বর	ওয়ার্ড	বর্তমানে কোন থানার অন্তর্গত	যে থানার অন্তর্গত হবে
১।	বড় মগবাজার	জে এল নং-১ বর্তমান-২	ওয়ার্ড নং-৫৫(অংশ), বর্তমান-৩৬ এলাকা: মীরের টেক, মীরবাগ, মধুবাগ, পূর্ব নয়াটোলা, দক্ষিণ নয়াটোলা, মগবাজার ওয়্যারলেস কলোনী, উত্তর নয়াটোলা ২য় বাগ। ওয়ার্ড নং-৫৪(অংশ), বর্তমান-৩৫, এলাকা: বড় মগবাজার, দিলু রোড, নিউ ইস্কাটন মোড়, পশ্চিম মগবাজার, মধ্য পেয়ারাবাগ, ছিনওয়ে, উত্তর নয়াটোলা ১ম বাগ।	রমনা মডেল থানা	হাতিরঝিল থানা

ক্রমিক নং	মৌজার নাম	জে এল নম্বর	ওয়ার্ড	বর্তমানে কোন থানার অন্তর্গত	যে থানার অন্তর্গত হবে
২।	কাওরান	জে এল নং-৭	ওয়ার্ড নং-৩৯(অংশ), বর্তমান-২৬, এলাকা: সার্ক ফোয়ারা, হোটেল সোনারগাঁও রোড, বিজিএমইএ ভবন ও লিংক রোডের রেলক্রসিং।	রমনা মডেল থানা	হাতিরঝিল থানা
৩।	বেগুনবাড়ী নতুন মৌজা (তেজগাঁও শিল্প এলাকা)	জে এল নং-৬	ওয়ার্ড নং-৩৭(অংশ), বর্তমান-২৪ এলাকা: বেগুনবাড়ী খাল ও রেইনবো ক্রসিং।	তেজগাঁও শিল্পাঞ্চল থানা	
৪।	মহাখালী	জে এল নং- ২৭৫ বর্তমান-১৯	ওয়ার্ড নং-২০ এলাকা: নিকেতন আবাসিক এলাকার নিকেতন ব্রীজের দক্ষিণাংশ।	গুলশান থানা	
৫।	বাড্ডা	জে এল নং-২৯১	ওয়ার্ড নং-২১(অংশ) এলাকা: দক্ষিণ বাড্ডা (ডিআইটি এক্সটেনশন রোডের অংশ)।	বাড্ডা থানা	
৬।	উলন(অংশ)	জে এল নং-১২০	ওয়ার্ড নং-২২(অংশ) এলাকা: রামপুরা, উলন, বাগিচারটেক, নাসিরের টেক, ওমর আলী লেন, মহানগর প্রজেক্ট, বাগদাদিয়া হোটেলের উত্তর পাশ এলাকা।	রামপুরা থানা	

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তাহুমিনা বেগম

উপসচিব।

মোঃ শাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd